# Kumudini Bulletin

**May - August : 2023**

# কুমুদিনী বুলেটিন

(মে - আগস্ট : ২০২৩)

## অশ্রুসিক্ত ৭ই মে

## শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ও শহীদ ভবানী প্রসাদ সাহা-র ৫৩তম অপহরণ ও মৃত্যুদিবস

## Sad 7th May

## 53th Abduction & Death Anniversary of Shaheed Philanthropist Ranada Prasad Shaha & Saheed Bhabani Prasad Shaha




*Laying floral wreaths at the murals of Philanthropist Ranada Prasad Shaha and Bhabani Prasad Shaha.*

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ৭ই মে পাকিস্তান সেনাবাহিনী মুক্তিযুদ্ধ বিরোধী শক্তির সহযোগিতায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা-কে রাতের অন্ধকারে হত্যার উদ্দেশ্যে অপহরণ করে। অপহরণের পর চিরতরে তাঁরা হারিয়ে যান।

এই নিষ্ঠুর অপকর্মের ফলস্বরূপ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অভিভাবক শূন্য হয়। ট্রাস্টের মানবসেবাকর্ম সংকটে পড়ে। এই শূন্যতা কাটিয়ে উঠতে ট্রাস্টকে অনেক ঘাম ঝড়াতে হয়। রণদা প্রসাদ সাহা-র পরিবারের সদস্য ও ট্রাস্টের নিষ্ঠাবান কর্মীবাহিনীর আন্তরিক সহযোগিতায় শোককে শক্তিতে পরিণত করে কুমুদিনী ধীরে ধীরে দৈনন্দিত সেবাকর্মের ধারায় ফিরে আসে।

৭ই মে-র সেই নৃশংস দিনটি স্মরণ করে প্রতিবারের মতো কুমুদিনীর সকল প্রতিষ্ঠানে শহীদ রণদা প্রসাদ সাহা ও শহীদ ভবানী প্রসাদ সাহা-র বিদেহী আত্মার সদ্গতি কামনা করে পালিত হয়েছে প্রার্থনা ও স্মরণসভা। অঙ্গ প্রতিষ্ঠানগুলিতে উত্তোলিত হয় কালো পতাকা এবং কুমুদিনী পরিবারের সর্বস্তরের কর্মীগণ ধারণ করেন কালো ব্যাজ। মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে মূল অনুষ্ঠানটি হয় সেখানকার সাংস্কৃতিক ভবন 'আনন্দ নিকেতন'-এ। অনুষ্ঠানের সূচনা হয় চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠের মাধ্যমে। এর আগে দুই শহীদের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। অনুষ্ঠানে স্মৃতিচারণ করেন শহীদ ভবানী প্রসাদ সাহার স্ত্রী শ্রীমতী সাহা, ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, এমডি রাজীব প্রসাদ সাহা এবং অঙ্গ প্রতিষ্ঠানগুলির কর্মকর্তাবৃন্দ। কমপ্লেক্সের

On 7th May 1971 during the war of liberation, elements of the Pakistan Army in collusion with the forces who were opposing the independence of Bangladesh forcefully abducted philanthropist Ranada Prasad Shaha the founder of Kumudini Welfare Trust and his son Bhabani Prasad Shaha. Both of them went missing forever.

Due to this heinous act Kumudini Welfare Trust lost its guardian. The humanitarian service of the Trust was jeopardized. To overcome this debacle the Trust had to face a lot of obstacles. The sincere workforce of Kumudini Trust in collaboration with the members of Kumudini family slowly started providing services to the community having converted their grief into strength.

Like in the preceding years all the units of Kumudini Welfare Trust commemorated the atrocity of 7th May and arranged prayers in remembrance of the departed souls. All the units raised black flags and the employees put on black badges as mark of respect. The main programme was held at the "Ananda Niketan" cultural hall. The programme began with the recitation from the four holy books. Before that floral wreaths were laid at the likeness of the two Shaheeds. Mrs Srimati Shaha the wife of Shahed Bhabani Prasad Shaha, Director of the Trust Ms Protiva Mutsuddy, MD KWT Mr Rajiv Prasad Shaha and unit heads of various organizations of Kumudini remembered the sad occasion. All the students residing within Kumudini Complex joined the programme. Devotional songs

সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ স্মরণসভায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ভক্তিমূলক সঙ্গীত পরিবেশন করেন কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীগণ। অনুষ্ঠান শেষ হয় শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনা করে সমবেত প্রার্থনার মাধ্যমে।

রণদা প্রসাদ সাহা-র পৈতৃক বাড়ির মন্দিরে পূজা-অর্চনাসহ শোকানুষ্ঠানের নানা কর্মসূচি পালিত হয়।

were presented by the students of nursing college. The programme ended with prayers for the salvation of the departed souls.

Different programmes were chalked out to observe the occasion at the temple located in the premises of the ancestral home of Ranada Prasad Shaha.




*Prayers organized in the temple located at the ancestral home of R P Shaha for the salvation of martyrs' souls.*




*Employees of KWT's Gulshan office put on black badges to pay tribute to the founder of Kumudini and his son in memory of the sad 7th May.*




*Discussion meeting to commemorate the sad day at R P Shaha University. Mr Mahavir Pati, Director KWT speaking.*

নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আর পি সাহার জীবনীর উপর আলোচনা হয়। এতে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট মেম্বার মহাবীর পতি, কেডব্লিউটি'র শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান, শিক্ষক ও শিক্ষার্থীগণ। ●

At R P Shaha University in Narayanganj, discussion meeting on the life and works of Ranada Prasad Shaha was held. It was presided over by the Vice Chancellor of RPSU. Those who participated in the discussion included Academic Council member and Director of KWT Mr Mahavir Pati, health and education adviser of KWT Mr Abu Alam Shahed Khan, teachers and students. ●

# কুমুদিনী কমপ্লেক্সে ছয় শতাধিক নবীন বিসিএস কর্মকর্তার শিক্ষাসফর

# Over Six Hundred newly Recruited BCS Officers Visit Kumudini



*Visiting BCS officers in front of the Library & Museum.*

সাভারস্থ বাংলাদেশ লোক-প্রশাসন কেন্দ্রে ৭৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী সিভিল সার্ভিসের ১৯টি ক্যাডারের ৬০২ জন নবীন কর্মকর্তা গত ৮ ও ১৪ই জুন দুই দফায় মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে শিক্ষাসফর করেন।

তাদের এই সফরের উদ্দেশ্য ছিল কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যাদি স্বচক্ষে দেখা এবং দেশের একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে কুমুদিনী সম্পর্কে বাস্তবমুখী জ্ঞান অর্জন করা।

‘শাপলা’ ও ‘দোয়েল’ এই দুই গ্রুপে বিভক্ত প্রশিক্ষণার্থীদের প্রথম দলটি শিক্ষাসফর করে ৮ই জুন এবং দ্বিতীয় দলটি ১৪ই জুন। ৬০২ জন নবীন কর্মকর্তা ছাড়াও লোক-প্রশাসন কেন্দ্রের মোট ৩৮জন কর্মকর্তা টিম দু’টির সঙ্গে ছিলেন।

লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্তৃপক্ষের বিবেচনায় বাংলাদেশের মানুষের কল্যাণে স্বল্প খরচে চিকিৎসা প্রদান, নারীদের শিক্ষাদানের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ভারতেশ্বরী হোম্‌স, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং কলেজ এবং অন্যান্য হেল্‌থ প্রকল্পগুলি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উল্লেখযোগ্য প্রতিষ্ঠান। সেই বিবেচনায় সিভিল সার্ভিসের নবীন কর্মকর্তাদের শিক্ষাসফরের জন্য কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট–কে নির্বাচন করা হয়। উভয় টিমের শিক্ষা সফরে সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ কুমুদিনীর বিভিন্ন প্রজেক্ট ও প্রতিষ্ঠান ঘুরে ঘুরে দেখেন এবং তারা ট্রাস্টের কর্মকাণ্ড দেখে মুগ্ধ হন। কুমুদিনীর পক্ষ থেকে সফরকারী টিমের প্রত্যেকের জন্য আপ্যায়নের ব্যবস্থা করা হয়। কুমুদিনীর সার্বিক ব্যবস্থাপনায় সফরকারীগণ মুগ্ধ হন এবং ট্রাস্টের কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন। ●

Six Hundred and two newly recruited BCS officers participating in the 75th Basic Course at Bangladesh Public Administration Training Centre (BPATC) at Savar visited Kumudini Complex, Mirzapur in two batches on 8 and 14 June 2023 respectively.

The aim of the visit was to acquaint themselves with the philanthropic work being carried on by Kumudini Welfare Trust. Divided into two groups "Shapla" and "Doel" the first group visited on 8 June while the 2nd group visited on 14 June. In addition to the trainee officers there were 38 other officers from BPATC who accompanied the two groups.

The authorities of BPATC considers Kumudini as an ideal institution which renders health services at a minimal cost and also provides education through its institutions like Bharateswari Homes, Kumudini Women's Medical College, Kumudini Nursing College etc. The trainee officers showed keen interest in the activities of Kumudini Welfare Trust and went round the different institutions located in the Kumudini Campus at Mirzapur. ●



*BCS Officers posing in front of R P Shaha's mural.*



*Officers of BPATC accompanying newly recruited BCS officers are seen with Director KWT Mrs Srimati Shaha.*

# জাতির পিতার ৪৮তম শাহাদাৎ বার্ষিকী শোক ও শ্রদ্ধায় ১৫ই আগস্টের শহীদদের স্মরণ




*15th August : National Mourning Day.*

১৫ই আগস্ট। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী। এই উপলক্ষ্যে সমগ্র দেশবাসীর সঙ্গে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট শ্রদ্ধা, শোক ও ভালোবাসায় জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের স্মরণ করে।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল সকালে মির্জাপুরে কুমুদিনী হাসপাতাল ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে অর্ধনমিত অবস্থায় জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কালো ব্যাজ ধারণ, শোক র‍্যালি ও স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি।

উক্ত কর্মসূচিতে কুমুদিনীর সকল প্রতিষ্ঠানের প্রধানগণসহ প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থীবৃন্দ অংশ নেন।

জাতীয় শোকদিবসে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, রচনা ও কুইজ প্রতিযোগিতা। আলোচনায় বক্তব্য রাখেন আরপিএসইউ-র বোর্ড অফ ট্রাস্টিজের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা, ইউজিসি-র সদস্য অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন (মুখ্য আলোচক), উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, সহযোগী অধ্যাপক এ কে জুনায়েত আহাম্মেদ প্রমুখ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য মুহাম্মদ ফারুক, কেডব্লিউটি-র পরিচালক মহাবীর পতি, কুমুদিনী ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান প্রমুখ।

# 48th Death Anniversary of the Father of the Nation



*Condolence rally organized by KWMCH.*

15th August is the martyrdom anniversary of the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Along with the nation Kumudini family had joined in the remembrance of the passed away family members of Bangabandhu.

The programme of the occasion included hoisting of the national flag at half-mast at Kumudini Hospital and Kumudini Women's Medical College (KWMCH). Floral wreaths were laid at the likeness of Bangabandhu; condolence rally was brought out and voluntary blood donation event was also organized. All personnel wore black arm badges. All the heads of the units of Kumudini including teachers and students of all educational institutions participated in the programme.

National mourning day was also observed at R. P. Shaha University. The programme included laying of floral wreaths at the likeness of Bangabandhu, discussion meeting, essay and quiz competition. Chairman of the Board of Trustees of RPSU Mr Rajiv Prasad Shaha, Member of UGC Prof Dr Md Sajjad Hossain (chief discussant), VC Prof Dr Monindra Kumar Roy and Associate Prof A K Junayet Ahmed participated in the discussion meeting. Among others Member of BoT of RPSU Mr Muhammed Farooque, Director of KWT Mr Mahavir Pati, Adviser Health & Education of KWT Mr Abu Alam Shahed Khan were present.




*Discussion meeting held at RPSU on the occasion of National Mourning Day.*

# শহীদ ভবানী প্রসাদ সাহা : এক অসমাপ্ত জীবন কাহিনী

*(গত সংখ্যায় প্রকাশিতের পর)*


সু-সাহিত্যিক সৈয়দ মনজুরুল ইসলাম তার 'আর পি সাহা এবং তাঁর শিক্ষা ও মানবসেবা দর্শন' শীর্ষক প্রবন্ধে সেই বিয়ে অনুষ্ঠানের বর্ণনা করেছেন এভাবে–

*আর পি সাহাকে কোনোদিন দেখিনি, কিন্তু ভবানী প্রসাদ সাহাকে দেখেছি–তবে দূর থেকে। ভবানী প্রসাদ, যাকে 'রবি' নামে ডাকা হতো, বিয়ে করেছিলেন সিলেট শহরের শ্রীমতী দাসকে। শ্রীমতী'র বাবা ছিলেন শ্রী বিমলেন্দু দাস, যাকে সবাই চিনত 'সাধুবাবু' নামে। হাসিখুশি, দিলখোলা মানুষ, আমার বাবার সঙ্গে, সকলের সঙ্গেই বস্তুত হৃদ্যতা ছিল। সিলেটের, শেখঘাটে সাধুবাবুর বাড়ির নাম ছিল 'লাল ব্রাদার্স হাউজ'। একান্নবর্তী ছিল পরিবারটি, সবসময় মানুষের আনাগোনা লেগেই থাকত। এই বাড়ির সাঙ্গীতিক ঐতিহ্য ছিল, আবার ব্যবসায়িক সুনাম ছিল। তাদের মালিকানার বাজার ছিল, সিনেমা হল ছিল, এর একটি 'লালকুঠি' ছিল আমাদের বিশেষ প্রিয়। কলেজের পড়ার সময় বন্ধুরা মিলে সিনেমা দেখতাম। আমার কলেজে পড়ার সময়ই, ১৯৬৭ সালে, রবি বিয়ে করেন শ্রীমতীকে। খুব জাঁকজমক করে বিয়ে হয়েছিল। সিলেট তখন ছোট শহর, সারা শহরে সাড়া ফেলে দিয়েছিল এই বিয়ে। আর পি সাহার পরিবারের সঙ্গে বৈবাহিক সম্পর্ক হচ্ছে সাধুবাবু পরিবারের। বিষয়টি ছিল দারুণ কৌতূহলের। আমাদের বাড়ি ছিল মণিপুরি রাজবাড়িতে, হেঁটে গেলে লাল ব্রাদার্স হাউজ থেকে দশ-পনেরো মিনিটের দূরত্ব। আমরা উৎসাহ নিয়ে বিয়ে বাড়ি দেখতে গিয়েছি। সম্ভবত বর-কনে চলে যাবার দিন কিছুটা দূর থেকে দেখেছিলাম রবি-কে। সুদর্শন মানুষ, মুখে লাজুক হাসি। পাশে দাঁড়িয়ে নববধূর বেশে শ্রীমতী। চারদিকে একটা বেজায় ভিড়। তখন ক্যামেরার দিন ছিল না। থাকলে ছবি তুলে রাখতাম। ছবি তোলার মতই ছিল সেই মুহূর্তটি।*

*আর পি সাহা-কে নিয়ে সেই আমাদের প্রথম কৌতূহল। বর-কনে চলে গেলেও পাড়ার খালা-মাসীরা অনেকদিন এই বিয়ের গল্প বলতেন। আমার মা ছিলেন সরকারি বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা। তিনি শুধু বলতেন, মেয়েটা পড়াশোনা চালিয়ে যেতে পারবে তো?*

শ্রীমতী লেখাপড়া চালিয়ে যেতে পেরেছিলেন বটে কিন্তু ১৯৭১ সালের কুমুদিনী পরিবারের মস্ত বড় এক Disaster-এর পর। তিনি সসম্মানে স্নাতক ডিগ্রি লাভ করেন অধ্যক্ষা হামিদা আলীর তত্ত্বাবধানে প্রতিষ্ঠিত নারায়ণগঞ্জ মহিলা কলেজ থেকে।

অধ্যক্ষা হামিদা আলী নারায়ণগঞ্জ মহিলা কলেজের দায়িত্ব ছাড়ার পর ঢাকায় প্রথমে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি সাউথ পয়েন্ট স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষা। তিনি এক ভিডিও সাক্ষাৎকারে ভবানী প্রসাদ সম্পর্কে স্মৃতিচারণকালে বলেন–



Shaheed Bhabani Prasad Shaha
(1 January 1944- 7 May 1971)

*রবি একদিন ফোন করলো আমাকে। ও আমাকে ভাবি ডাকতো। ওর বন্ধু ছিল ওসমান সাহেবের ছেলে। বাবু সরওয়ার ওর নাম। বাবুর সঙ্গে রবির বন্ধুত্ব। বাবু সবসময় আমাদের বাসায় আসতো। রবি বাবুকে নিয়ে এসেছে। রবিকে বললাম, দুপুর বেলা খেয়ে যেও। খেলো। ও খাওয়া এতো পছন্দ করলো। প্রত্যেক সপ্তাহে আসতো।*

*রবির কথা আমার খুব মনে হয়। আমার খুবই আপনজন ছিল। একবার ভারতেশ্বরী হোম্‌সে গেলাম। ও সবকিছু ঘুরিয়ে দেখালো। আমি বললাম, আজ কিন্তু মির্জাপুর থাকব। বলল, তোমার জন্য দরজা খোলা সব সময়।*

*দেশ স্বাধীন হওয়ার পর পূজার সময় মির্জাপুর গেলাম। অনেক আনন্দ করেছি। তবু সবার চোখে পানি। রবি নাই, জেঠামণি নাই। রবির ছেলে (রাজীব) আস্তে আস্তে বড় হলো। আমাকে 'পিসি' বলে ডাকতো।*

ভবানী প্রসাদ এমনই স্নেহপরায়ণ মানুষ ছিলেন যার স্মৃতি অধ্যক্ষা হামিদা আলী আজও ভুলতে পারেননি।

ভবানী প্রসাদ তার পিতার কাজে সার্বক্ষণিক সহযোগী ছিলেন। স্ব-শিক্ষিত হওয়ার প্রেরণা তিনি পিতার কাছ থেকে পেয়েছিলেন। সেই প্রেরণায় তিনি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের জাহাজ শিল্প তত্ত্বাবধানের স্বার্থে কর্মরত দক্ষ স্কটিস প্রকৌশলীদের কাছ থেকে মেরিন ইঞ্জিনিয়ারিং এর কাজটি হাতে কলমে রপ্ত করেন। তিনি নিজ হাতে শ্রমিকের ভারী হাতুড়ি ধরতেন, জাহাজের স্টিলের পাতে রিপিট মারতেন। তাঁর তত্ত্বাবধানে ছোট বড় এক ডজনের বেশি নতুন জাহাজ নির্মিত হয়েছিল। নারায়ণগঞ্জে ট্রাস্টের ডকইয়ার্ডে তখন পুরানা জাহাজ মেরামত ও নতুন জাহাজ তৈরি হতো। ডকইয়ার্ডটি এখনও সেই স্মৃতি বহন করে টিকে আছে। এভাবেই তিনি পরিকল্পনা থেকে বাস্তবায়নের সকল ক্ষেত্রে নিজেকে স্ব-শিক্ষিত করেছিলেন। হাতে কলমে কাজ শেখার লক্ষ্যে পিতার উপদেশকে শ্রদ্ধার সঙ্গে মান্যতা দিয়েছেন। খেলাধূলা তিনি ভালোবাসতেন। নিজে ফুটবল ও ক্রিকেট খেলতেন, অন্যদেরও উৎসাহ দিতেন। ক্রীড়া সংগঠক ছিলেন। প্রতিযোগিতামূলক খেলা আয়োজন করতেন প্রায়ই। মির্জাপুর গ্রামে গড়ে তোলা 'ফ্রেন্ডস্ সোসাইটি ক্লাব'-টি আজও তার স্মৃতি বহন করে টিকে আছে।

মির্জাপুর পৌরসভার সাবেক মেয়র শহীদুর রহমান শহীদ। তিনি ভবানী প্রসাদ সাহাকে 'কাকা' বলে সম্বোধন করতেন। শহীদ সাহেব তার এক লিখিত বয়ানে খেলাধুলার প্রতি ভবানী প্রসাদের গভীর অনুরাগ সম্পর্কে জানিয়েছেন। শহীদুর রহমান সাহেবের বর্ণনা মতে–

*'১৯৬৮/৬৯ সালের দিকে হবে। বাইরের খেলোয়াড় নিয়ে মির্জাপুরে প্রথম দু'টি দলের মধ্যে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। একটি দল ছিল চিনি খানের, অন্যটি ছিল রবি কাকার। চিনি খান তার দলের দায়িত্ব দেন*

*মির্জাপুরের প্রখ্যাত ক্রীড়ামোদী দুলাল কাকাকে। দুলাল সাহেব রবি কাকার বন্ধু ছিলেন। ভবানী (রবি) কাকা পশ্চিম পাকিস্তান থেকে প্লেয়ার এনেছিলেন। সেই দলে পাকিস্তানের প্রখ্যাত স্ট্রাইকার মুসাও ছিলেন। চিনি খান প্লেয়ার এনেছিলেন ঢাকা থেকে। তার দলে রহমতুল্লার মতো প্লেয়ারও ছিলেন। এই প্রতিযোগিতা নিয়ে মির্জাপুরের দর্শকদের মধ্যে বিরাট উন্মাদনা। হাজার হাজার দর্শকের উপস্থিতিতে এস. কে. পাইলট স্কুলের মাঠে খেলা অনুষ্ঠিত হয়। মুসার নেতৃত্বে রবি কাকার দল ৫/৬ গোলে জয়লাভ করে। মির্জাপুরের মানুষ দীর্ঘদিন সেই খেলার স্মৃতি ভুলতে পারেনি।'*

ভবানী প্রসাদের আরেক প্রিয় খেলা ছিল ক্রিকেট। আন্তর্জাতিক ক্রিকেট খেলোয়াড়দের সঙ্গেও তার যোগাযোগ ছিল। একবার পাকিস্তানের প্রখ্যাত ক্রিকেটার হানিফ মোহাম্মদ, মুশতাক প্রমুখ তার সঙ্গে পরিচয়ের সূত্রে কুমুদিনীর নারায়ণগঞ্জের বাড়িতে আতিথ্য গ্রহণ করেন। মির্জাপুরের তরুণদের মধ্যে ক্রিকেটের প্রচলন হয় তারই হাত ধরে। বাদলবাবু ভবানী প্রসাদের প্রিয় বন্ধু। মির্জাপুরে তার দর্জির দোকান ছিল। সেই দোকানে ভবানী প্রসাদ প্রায়ই যেতেন। সেখানে খেলাধুলা নিয়ে আলোচনা চলতো। চা-বিস্কুট খাওয়া হতো। আলোচনার মুখ্য বিষয় ছিল ক্রিকেট।

*শহীদুর রহমান সাহেবের বক্তব্য থেকে আরও জানা যায়, 'ক্রিকেট হোক আর ফুটবল হোক খেলাধুলার সব সরঞ্জাম তার রবি কাকাই কিনে দিতেন। তরুণদের খেলার সরঞ্জামগুলোর সাথে নতুনদের পরিচয় করিয়ে দিতেন।'*

মির্জাপুরের যে 'ফ্রেন্ডস সোসাইটি'র কথা পূর্বে উল্লেখ করা হয়েছে তার একটা ইতিহাস রয়েছে। ভবানী প্রসাদ এখানে প্রথমে 'বালক সমিতি' নামে একটি সংগঠন গড়ে তুলেন। পরবর্তীকালে এটির নাম হয় 'রবি এন্ড ফ্রেন্ডস'। বর্তমানে সেটি 'ফ্রেন্ডস সোসাইটি' নামে পরিচিত। এই সংগঠনটি সরস্বতী পূজাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করে থাকে। সংগঠনটির এসব কাজ শহীদ ভবানী প্রসাদ সাহাকে মির্জাপুরবাসীর স্মৃতিতে চির ভাস্বর করে রেখেছে। ছোট্ট জীবন পরিসরে এভাবেই তিনি মানুষের মন জয় করেছিলেন।

সাংস্কৃতিক কর্মকাণ্ডে ভবানী প্রসাদের পৃষ্ঠপোষকতার বিষয়টিও বিশেষভাবে উল্লেখ করার মতো। তার স্ত্রী শ্রীমতী সাহা বলেন, *'তিনি ফুটবল ম্যাচ প্রতিযোগিতায় বাইরে থেকে যেমন খেলোয়াড় Hire করে এনেছেন, নাটকের জন্যও তেমনি তিনি অভিনয় শিল্পীদের মির্জাপুরে নিয়ে আসেন। একবার শ্বশুর মশাইর জন্মদিন পালন উপলক্ষ্যে মির্জাপুরে রাজীবের বাবার পরিচালনায় একটি নাটক মঞ্চস্থ হয়। নাটকটি ছিল কল্যাণ মিত্র রচিত 'কুয়াশা কান্না'। সেই নাটকের জন্য তিনি ঢাকা থেকে চলচ্চিত্র জগতের রানী সরকার, আনোয়ারা, রূপা চক্রবর্তীর মতো অভিনয় শিল্পীদের মির্জাপুরে এনেছিলেন। এখনও মনে আছে, মির্জাপুরের দর্শকগণ মুগ্ধ হয়ে নাটকটি উপভোগ করেন'।*

তিনি ছিলেন পিতার আদর্শের যোগ্য সন্তান। পিতার স্বাস্থ্য-নারীশিক্ষা-মানবতার সেবায় নিবেদিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের বিভিন্ন প্রতিষ্ঠান ও কর্মকাণ্ডের নীতি নির্ধারণ, ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় তিনি সার্বক্ষণিক সহযোদ্ধা ছিলেন।

রমনা রেস কোর্স ময়দানে, যা বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান হিসেবে পরিচিত, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের পর পূর্ব পাকিস্তান ব্যাপী আপামর বাঙালি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রস্তুতি গ্রহণ করে। এই প্রস্তুতি ব্যাপকতা লাভ করে ২৬শে মার্চের মধ্যরাতে পাকিস্তান সেনাবাহিনীর Operation Searchilight নামক বাঙালি নিধন প্রক্রিয়ার পর থেকে। এই নৃশংস হত্যা কাণ্ডের পর নারীপুরুষ নির্বিশেষে বীর বাঙালিরা শত্রুর মোকাবেলায় হাতে অস্ত্র তুলে নেয়। আর সাধারণ মানুষ সাধ্যমতো অকুণ্ঠ চিত্তে তাদের সহযোগিতার হাত প্রসারিত করে। কুমুদিনী তথা মির্জাপুরবাসীও এ ব্যাপারে পিছিয়ে ছিল না। তখন কুমুদিনী হাসপাতালে চিকিৎসারত শতাধিক রোগি, ভারতেশ্বরী হোমসে অধ্যায়নরতা কয়েকশ' ছাত্রীর সুরক্ষায় তরুণ ভবানী প্রসাদ তার সাহসী ভূমিকা রাখতে ত্রুটি করেননি। অপহরণের পূর্ব পর্যন্ত যে ক'দিন বেঁচে ছিলেন অতি সঙ্গোপনে তিনি হাসপাতালে চিকিৎসা নিতে আসা আহত মুক্তিযোদ্ধাদের সাধারণ রোগির পরিচয়ে চিকিৎসাসেবার ব্যবস্থা করেন। যুবতী স্ত্রী, তিন বছরের শিশুপুত্র আর বৃদ্ধ পিতার বিপদের কথা না ভেবে নির্ভীক ভবানী প্রসাদ দেশের শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের সেবা দিয়ে যান। কিন্তু স্বাধীনতা বিরোধী শকুনিদের শ্যেন দৃষ্টিতে কোনো কিছু গোপন থাকেনি। ফলে কুমুদিনীর প্রতি জন্ম নেয় চরম আক্রোশের। এই খবর পাকিস্তানি বাহিনীর কানে পৌঁছাতে দেরি হয়নি। এর প্রমাণ মিলল ২৯শে এপ্রিল। এই তারিখে রণদা প্রসাদ ও ভবানী প্রসাদ-কে পাকিস্তানি সেনারা ঢাকায় গভর্নর ভবনে ডেকে নিয়ে আটক রাখে। সেই পরিস্থিতি বর্ণনা করার মতো নয়। কান্নার রোল পড়ে যায় সারা বাড়িতে। রণদা প্রসাদের স্ত্রী কিরণবালা দেবী স্বামী-পুত্রের বিপদের আশংকায় বারবার জ্ঞান হারাতে লাগলেন। সেসময় মির্জাপুর ক্যাডেট কলেজের প্রিন্সিপাল ছিলেন উইং কামান্ডার ক্যায়ানী। তার সাথে রণদা কন্যা জয়া পতির যোগাযোগ ছিল। ক্যায়ানি সাহেবকে তিনি বাবা ও ভাইয়ের খোঁজ নিতে অনুরোধ করেন। আটকের পাঁচদিন পর ৫ই মে তাঁরা উভয়ে মুক্তি পান। নিজের লাল রঙের গাড়িতে করে আর পি সাহা পুত্র রবিকে নিয়ে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ফিরেন। প্রিয়জনদের প্রতীক্ষার অবসান হলো কিন্তু শেষ রক্ষা হলো না।

মুক্তিসংগ্রাম এবং মুক্তিযোদ্ধাদের প্রতি সহানুভূতি ও সমর্থন প্রদর্শন উভয়ের জীবনে চরম পরিণতি হয়ে দেখা দিল। গভর্নর ভবন থেকে মুক্তির ৪৮ ঘণ্টা পার হতে-না-হতেই ৭ই মে-র মধ্যরাতে হানাদার পাকিস্তানি বাহিনী রাজাকারদের সহযোগিতায় পিতা-পুত্র দু'জনকে অপহরণ করে নিয়ে হত্যা করে। তাঁরা উভয়ে শহীদ হন। এই মর্মান্তিক হত্যাকাণ্ডের মধ্য দিয়ে কুমুদিনীর ভাগ্যাকাশের প্রতিশ্রুতিশীল এক উজ্জ্বল নক্ষত্র চিরতরে ম্লান হয়ে যায়।

তখন রণদা প্রসাদ সাহার বয়স ৭৪, ভবানী প্রসাদ সাহা রবির ২৭। নিজেকে পূর্ণভাবে বিকশিত করবার জন্য ভবানী প্রসাদ তার ছোট্ট জীবনে কতোটুকু আর সুযোগ পেয়েছিলেন? এই কর্মবীর যুবকের কর্মজীবন মাত্র ছয় বছরের। সংক্ষিপ্ত জীবনে বুকের তাজা রক্ত দিয়ে দেশমাতৃকার সেবায় চিরতরে নিজের জীবনকে তিনি উৎসর্গ করেন।

২০১৯ সালের ২৭শে জুন। ঘটনার ৪৮ বছর পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আর পি সাহা ও ভবানীপ্রসাদ সাহাকে অপহরণ ও হত্যাকাণ্ডের দায়ে মির্জাপুর শান্তি কমিটির সভাপতি মাওলানা আবদুল ওয়াদুদের পুত্র রাজাকার কমান্ডার মাহবুবুর রহমানের বিরুদ্ধে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ডের রায় প্রদান করেন। এটি অবশ্যই একটি স্বস্তিদায়ক ঘটনা। কিন্তু কুমুদিনী পরিবার তথা জাতি প্রবাদপ্রতিম রায়বাহাদুর দানবীর রণদা প্রসাদ সাহা ও কুমুদিনীর সম্ভাব্য উত্তরসূরি কর্মবীর ভবানী প্রসাদ সাহা-কে আর কোনোদিন ফিরে পায়নি।

শহীদ পিতাপুত্র যেখানেই থাকুন তাঁরা যেন শান্তিতে থাকেন।

(সমাপ্ত)

**– গ্রন্থনা : এন সি সাহা**

# যশোমাধব দেবের রথোৎসব

বিগত ২০২২ খ্রিস্টাব্দে ধামরাইয়ে অবস্থিত চারশ’ বছরের প্রাচীন শ্রীশ্রী যশোমাধব দেবের গর্ভমন্দিরটি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে পুনঃসংস্কারের পর চলতি বছরের ২০শে জুন প্রথমবারের মতো সেখানে বার্ষিক রথযাত্রার শুভ সূচনা হয়। ২৮শে জুন উল্টোরথ উদ্‌যাপনের মাধ্যমে রথোৎসবের সমাপ্তি ঘটে।

শত শত ভক্ত ও দর্শনার্থীর উপস্থিতিতে প্রথম দিনের রথযাত্রার সূচনা করেন ঢাকা-২০ আসনের সংসদ সদস্য ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় কমিটির সভাপতি বেনজির আহমেদ। তিনি ছিলেন অনুষ্ঠানের প্রধান অতিথি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা।

সমাপ্তি উৎসব উল্টোরথ এর দিন প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন এমপি। এই দিনের অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সাংসদ বেনজির আহমেদ।

উভয় দিনের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:)। উক্ত কমিটির সাধারণ সম্পাদক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহাসহ মন্দির পরিচালনা কমিটির সকল কর্মকর্তা অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, এই রথযাত্রা উৎসবকে কেন্দ্র করে ধামরাই শহরে মাসব্যাপী ঐতিহ্যবাহী গ্রামীণ শিল্পমেলা যথারীতি অনুষ্ঠিত হয়েছে। ●



*Devotees pulling the Chariot of Yashomadhav Dev as a part of Rathayatra Festival.*

# Rath Festival of Yashomadav Dev

Like every year this time also Rathayatra of Shri Shri Yashomadhav Dev was held in a joyful atmosphere in Dhamrai. The opening ceremony of Rathayatra was inaugurated on 20th and ended with Ultorath festival on 28th June.

In the presence of hundreds of devotees and visitors Mr. Benzir Ahmed MP, Dhaka-20 and President of the Parliamentary Committee on Home Affairs inaugurated the first-day ceremony. Mr Pranay Kumar Verma, High Commissioner of India in Bangladesh was present as the special guest.

The chief guest of Ultorath festival was Home Minister Mr. Asaduzzaman Khan MP and Mr. Benzir Ahmed MP was the special guest on that day.

Both the events were presided over by Maj. Gen. Jibon Kanai Das (Retd), President of Shri Shri Yashomadhav Dev Temple Committee. The General Secretary of the said committee and Managing Director of Kumudini Welfare Trust Mr. Rajiv Prasad Shaha and other officials of the committee actively participated in the festival.

Like in the previous years on the inauguration day of Rathayatra, the students of Bharateswari Homes started the day by performing devotional songs at Yashomadhav Dev temple. ●



*Inauguration ceremony of Rathayatra at Dhamrai.*



*Kumudini observes the Rathayatra Festival Day as a Lucky Purchase Day of jute. On this occasion the workers of Kumudini Jute Baling and Warehouse arranged a Milad Mahfil at Khanpur in Narayanganj.*

# দুই রাষ্ট্রদূতের কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন

# Two Foreign Envoys Visit Kumudini

## ব্রিটিশ হাইকমিশনার

বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারা কুক তাঁর স্বামীসহ গত ১২ই আগস্ট পরিদর্শনের উদ্দেশ্যে মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে এসে পৌঁছালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁদের স্বাগত জানান।

কুমুদিনী কমপ্লেক্সের লাইব্রেরি মিলনায়তনে চা-চক্র শেষে ব্রিটিশ হাইকমিশনার স্থানীয় গণমাধ্যমকর্মীদের সঙ্গে কথা বলেন। সারা কুক বলেন, কুমুদিনী হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানগুলির শিক্ষা ও চিকিৎসাসেবা সম্পর্কে তাঁর সুন্দর ধারণা আছে। স্বাস্থ্য, শিক্ষা ও কারিগরি শিক্ষায় কুমুদিনীর অবদান বাংলাদেশের নতুন প্রজন্মের জন্য কাজে আসবে। এতে তাঁর দেশের সহযোগিতা থাকবে বলে হাইকমিশনার সারা কুক জানান।

## British High Commissioner

The British High Commissioner in Bangladesh Ms Sarah Cooke along with her husband visited Kumudini Complex, Mirzapur on 12 August 2023. On arrival the guests were received by Mr Rajiv Prasad Shaha the MD of Kumudini Welfare Trust.

On conclusion of tea break at the library the High Commissioner met the reporters of media. Ms Sarah said that she was well aware of the philanthropic activities of Kumudini Welfare Trust. She said that Kumudini's contribution in the health and education shall surely bring immense benefit to the new generation. She confirmed her nation's cooperation in this endeavour.





***(Left)*** *British High Commissioner Ms Sarah Cooke is greeted by students at the entrance of Bharateswari Homes.*
***(Right)*** *She is enjoying a calisthenic display by the students of the Homes.*

তিনি পরে ভারতেশ্বরী হোমসের মাঠে ছাত্রীদের মনোজ্ঞ ডিসপ্লে উপভোগ করেন। পরে ডিঙ্গি বজরায় লৌহজং নদী পার হয়ে দানবীর আর পি সাহার পৈতৃক বাড়ি পরিদর্শনে যান। পুনরায় মূল কমপ্লেক্সে ফিরে কুমুদিনী হাসপাতালের চিকিৎসাসেবা, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও নার্সিং কলেজের কার্যক্রম সম্পর্কে অবগত হন।

অন্যান্য আনুষ্ঠানিকতা শেষে তিনি সফর সঙ্গীদেরসহ বিকেলে ঢাকার উদ্দেশ্যে কুমুদিনী কমপ্লেক্স ত্যাগ করেন।

Ms Sarah enjoyed beautiful calisthenic display by the students of Bharateswari Homes. Later on, she boarded a boat to cross over the Laihojong river to visit R P Shaha's ancestral home. On return from there she visited Kumudini Hospital, Kumudini Women's Medical College and Kumudini Nursing College.

On completion of the visit the High Commissioner left for Dhaka in the afternoon.

## মার্কিন রাষ্ট্রদূত

গত ৫ই আগস্ট বাংলাদেশে নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি হাস ও তাঁর স্ত্রী এ্যামি ডি হাসসহ পরিবারের সদস্যগণ মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে পরিদর্শন করেন।

সেখানে পৌঁছালে কুমুদিনী পরিবারের পক্ষ থেকে তাঁদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এই সময় উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা এবং কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

## United States Ambassador

The US Ambassador in Bangladesh Mr Peter D Hass along with his wife and family members visited Kumudini Complex, Mirzapur on 5 August 2023. On arrival the guests were received by Mr Rajiv Prasad Shaha the MD of Kumudini Welfare Trust.

The guests were presented with flower bouquets. Directors of Kumudini Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha were also present along with head of different units of Kumudini.



*US Ambassador Mr Peter D Hass and his family members in front of R P Shaha's mural.*



*Mr Peter D Hass at Bharateswari Homes.*

কমপ্লেক্সের লাইব্রেরি মিলনায়তনে চা-চক্রে মিলিত হওয়ার পর রাষ্ট্রদূত ও তাঁর পরিবারের সদস্যগণ কুমুদিনী নার্সিং কলেজ ও ভারতেশ্বরী হোমস পরিদর্শন করেন। কুমুদিনীর বিভিন্ন সেবাধর্মী কাজ প্রত্যক্ষ করে তাঁরা ভূয়সী প্রশংসা করেন। ●

On conclusion of tea break at the library the guests went round Bharateswari Homes and Kumudini Nursing College. The guests were pleased to see the services being provided by Kumudini. ●

## টিভিতে এনএসডিএ ক্যারিয়ার শো
## SEIP প্রকল্পের আওতায় বৃত্তি ও আবাসিক সুবিধাসহ কুমুদিনীতে ফ্রি প্রশিক্ষণ

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বা National Skill Development Authority সংক্ষেপে NSDA–এর অফিসটি প্রধানমন্ত্রীর কার্যালয়ে অবস্থিত। NSDA–এর উদ্যোগে বেসরকারি টিভি চ্যানেল আই–এর ধারাবাহিক অনুষ্ঠান 'এনএসডিএ ক্যারিয়ার শো'। এই অনুষ্ঠানের তৃতীয় পর্বে প্রচারিত বিষয় ছিল Caregiving. অনুষ্ঠানটি প্রচারিত হয় ২৬শে জুলাই বুধবার রাত সাড়ে ন'টায়।

হাসান আবিদুর রেজা জুয়েল এর উপস্থাপনায় এই অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা ও এনএসডিআই নিবন্ধিত কুমুদিনী ট্রেড ট্রেনিং ইন্সটিটিউট (KTTI)-এর অধ্যক্ষ প্রদীপ কুমার বণিক–এর কেয়ারগিভিং প্রশিক্ষণ সংক্রান্ত দু'টি সাক্ষাৎকার প্রচারিত হয়। এই সঙ্গে প্রচারিত হয় KTTI-এ প্রশিক্ষণরত কয়েকজন শিক্ষার্থীর মতামত ও মূল সাক্ষাৎকার দু'টি এখানে তুলে ধরা হলো :

রাজীব প্রসাদ সাহা তাঁর সাক্ষাৎকারে বলেন, 'যেখানে মানুষের বিচরণ সেখানেই কেয়ারগিভারের প্রয়োজন। স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থী এবং বাসাবাড়ি, অফিসসহ যে কোনো জায়গায় মানুষের কেয়ারগিভারের সহযোগিতা লাগতে পারে। অসুস্থ ব্যক্তি, চলাফেরা করতে অক্ষম ব্যক্তির জন্য কেয়ারগিভারের প্রয়োজন হয়। কেয়ারগিভার পেশাটা ঠিক চাকরির জন্য চাকরি নয়। এই পেশাটা একটা সেবা। আমি বয়স্ক লোকের সাথে সময় দেব, একজন শিশু বা physically challenged মানুষের দায়িত্ব নেব, তাদের encourage করবো, তাকে সামাজিক অবস্থান দেব এমন মানসিকতা নিয়ে সেবামূলক পেশায় আসতে হয়। সার্বিকভাবে কেয়ারগিভিং প্রশিক্ষণদান একটা ভালো উদ্যোগ। আমাদের মতো একটা ঘনবসতিপূর্ণ দেশে যেখানে রয়েছে একটা বিশাল সংখ্যক যুবশক্তি তাদেরকে এই প্রশিক্ষণ দিয়ে একটা সম্পদে পরিণত করার সুযোগ রয়েছে। বিদেশে কেয়ারগিভারের ব্যাপক চাহিদা রয়েছে। বিদেশিরা যখন জানবে বাংলাদেশে এ বিষয়ে প্রচুর প্রশিক্ষণপ্রাপ্ত লোক রয়েছে তখন বিদেশেও তাদের কাজের সুযোগ হবে। এই পেশা অর্থ-রোজগারের পাশাপাশি একটা সম্মানজনক পেশাও বটে। নারী-পুরুষ সবাই এই প্রশিক্ষণে অংশ নিতে পারে'।

## NSDA Career Show in TV
## Free Training with Scholarship & Residential Facilities at Kumudini under SEIP Project

The office of the National Skill Development Authority (NSDA) is placed under Prime Ministers Office. NSDA arranged "NSDA Career Show" programme which was telecast by private TV channel I. In the third phase of the programme the subject chosen was "Caregiving".

The programme presented by Hasan Abidur Reza Jewel included two interviews relating to Caregiving training; one by the Managing Director of Kumudini Welfare Trust (KWT) Mr Rajiv Prasad Shaha and the other by the Principal of Kumudini Trade Training Institute (KTTI) Mr Pradip Kumar Banik. Opinion of a few trainees were also aired. The two main interviews are as under:

Mr Rajiv Prasad Shaha said: Wherever there are people there is the need of caregivers. Caregivers are required in schools, colleges, universities where there are mentally/physically challenged students. Caregivers are also required in homes and offices. Caregivers are required for ill people and also those who find it difficult to move around. Caregiving is not a job rather a service. Those working in this profession should have the mindset of passing time with the elderly; taking responsibility of a physically challenged child; providing them encouragement and helping them assimilate in the society. In an overpopulated country like ours we have a huge young manpower who could be provided with training to do this job. There is a huge demand of caregivers abroad. This will open up job opportunities for our unemployed youth. In addition to earning a decent income this is a respectable profession. Male and female both can obtain this training.

প্রদীপ কুমার বণিক তার সাক্ষাৎকারে বলেন–

কেয়ারগিভিং কোর্সের একটা বড় সুবিধা হলো যেসব স্টুডেন্ট কেবলমাত্র মাধ্যমিক পাশ করেছে এবং বয়স ১৮ পার করেছে তারাই এই কোর্সটি করার যোগ্য। তাদের আর কোনো technical education এর প্রয়োজন হয় না। তবে তাদের স্বাস্থ্যসেবাদানের জন্য দৃঢ় মনোবল থাকতে হবে। এরকম স্টুডেন্টরা কেয়ারগিভিংয়ে ৬ মাস মেয়াদি কোর্সের প্রশিক্ষণ নিলে 'জব' বা কাজ করার উপযুক্ততা অর্জন করে। এই প্রশিক্ষণের জন্য আমরা NSDA-এর কারিক্যুলাম অনুসরণ করি।

তিনি আরও বলেন, 'আমরা দু'টি লেভেলে কোর্সটি করাই : লেভেল-২ এবং লেভেল-৩। SEIP প্রকল্পের আওতায় সম্পূর্ণ বিনা খরচে স্টুডেন্টদের প্রশিক্ষণ দেয়া হয়। তাদের থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি। এমনকি কোর্স চলাকালীন স্টুডেন্টদের স্টাইপেন্ড-ও দেয়া হয়। যারা সাফল্যের সাথে কোর্সটি শেষ করতে পারে তাদেরকে আমরা বাংলাদেশের বিভিন্ন জায়গায় বিশেষ করে homebase, hospital, daycare centre, adultcare centre-এ কাজের ব্যবস্থা করতে পারি।

অনুষ্ঠানে কুমুদিনী ট্রেড ট্রেনিং ইন্সটিটিউটের একজন শিক্ষিকা মুন্না সুলতানা, শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস কাবেরী, সানজিদা সুলতানা ও চার্লস ডমিনিকা বাড়ৈ কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণ গ্রহণের উপকারিতা সম্পর্কে বক্তব্য দেন।




*Mr Pradip Kumar Banik, Principal of KTTI.*

Mr Pradip Kumar Banik said: The main advantage of caregiving is that anyone who had passed HSC and is above 18 years of age can undergo this course. They do not need any further technical education. But they need high moral in terms of being willing to provide healthcare. Anyone undergoing this 6-month long course becomes eligible for the job market as certified caregivers. We follow the NSDA curriculum in conducting this course. We run this course in two levels: level 2 and level 3. Under SEIP project we provide this course totally free of cost. Food and accommodation are free. In addition, during the course students are provided stipend. We arrange jobs at hospitals, daycare centres and at homes for those who successfully complete the course.

In the programme teacher of Kumudni Trade Training Center (KTTI) Munna Sultana, student Jannatul Ferdous Kabari and others spoke on the benefits of undergoing this course.

In the programme teacher of Kumudni Trade Training Center (KTTI) Munna Sultana, student Jannatul Ferdous Kaberi and others spoke on the benefits of undergoing this course.

## কুমুদিনীতে SEIP প্রোগ্রামের আওতায় কেয়ারগিভিং ও স্পেশালাইজড নার্সিং কোর্স চালুর পটভূমি

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনায় 'স্কিল্স ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)'-এর আওতায় কেয়ারগিভিং ও স্পেশালাইজড নার্সিং কোর্সের আনুষ্ঠানিক উদ্বোধন হয় মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ২০২২ সালের ২৬শে ফেব্রুয়ারি। উদ্বোধন করেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের তৎকালীন সিনিয়র সচিব আবদুর রউফ তালুকদার। তখন থেকে কুমুদিনীর মির্জাপুর ও নারায়ণগঞ্জ কমপ্লেক্সে SEIP এর প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। চলতি বছরের ৫ই জুন থেকে কুমুদিনীর পরিচালনায় ঢাকার আফতাবনগরে কেয়ারগিভিং প্রশিক্ষণ কেন্দ্র সম্প্রসারিত হয়েছে। দক্ষ জনশক্তি গড়ে তুলতে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় SEIP একটি সফল প্রকল্প। উল্লেখ্য, ২০২১ সালের ২৮শে অক্টোবর বিনা খরচে স্পেশালাইজ নার্সিং ও কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণদানের লক্ষ্যে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও SEIP এর মধ্যে এই বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় স্বাস্থ্যসেবা খাতের দক্ষতা উন্নয়নের উদ্দেশ্যে কুমুদিনী SEIP কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করে।

প্রশিক্ষণের জন্য কুমুদিনী NSDA-এর কারিকুলাম অনুসরণ করে। স্পেশালাইজড নার্সিংয়ের কোর্সগুলি হচ্ছে ডিপ্লোমা ইন পেডিয়েট্রিক নার্সিং, ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার নার্সিং, ডিপ্লোমা ইন ট্রমা নার্সিং, ডিপ্লোমা ইন রেনাল নার্সিং, ডিপ্লোমা ইন অনকোলজি নার্সিং ও ডিপ্লোমা ইন কার্ডিয়াক নার্সিং।

পক্ষান্তরে, কেয়ারগিভিং কোর্সটি হচ্ছে ন্যালনাল স্কিল্স সার্টিফিকেট ইন কেয়ারগিভিং। এই সার্টিফিকেট কোর্সটি দুই পর্যায়ে সম্পাদিত হয়, লেভেল-২ এবং লেভেল-৩ এই দুই পর্যায়ে।

প্রশিক্ষণকালে কুমুদিনীতে SEIP এর সকল শাখায় যথারীতি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বা NSDA প্রণীত কারিকুলাম অনুসৃত হয়।

# কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে এমবিবিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

# Introduction of MBBS Students of Kumudini Women's Medical College




*Mrs Srimati Shaha, Director, KWT welcoming the new students virtually.*

গত ২৪ জুলাই কলেজের বি পি পতি হলে অনুষ্ঠিত হয় ২০২২-২০২৩ সেশনের এমবিবিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান।

কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিচিতি অনুষ্ঠানটি শুরু হয় পবিত্র ধর্মগ্রন্থাদি থেকে পাঠের মাধ্যমে।

অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। তিনি ভার্চুয়ালি যুক্ত হয়ে নবাগত ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

ছাত্রীদের উদ্দেশ্যে প্রদর্শিত হয় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র।

Introduction of the students of 2022-2023 session was held at the B P Pati Hall on 24 July 2023. The programme was presided over by the Principal of the College Prof Dr M A Halim. It began with the recitation from the four main religious books. Director Kumudini Welfare Trust Mrs Srimati Shaha was the chief guest. She joined virtually and welcomed the students. A documentary on the life and works of philanthropist R P Shaha the founder of Kumudini Welfare Trust was screened.



*Students are collecting booklists and other academic documents at the orientation ceremony.*

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বায়োকেমিস্ট্রি বিভাগের প্রধান অধ্যাপক ডা. রঞ্জন কুমার নাথ। নবাগত ছাত্রীদের শপথ বাক্য পাঠ করান কলেজের ভাইস প্রিন্সিপাল ও প্যাথলজি বিভাগের প্রধান অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক।

কলেজের বিভিন্ন বিভাগের স্বনামধন্য অধ্যাপকবৃন্দ ছাড়াও দেশী-বিদেশী নবাগত ছাত্রী ও তাদের অভিভাবকদের মধ্য থেকে কেউ কেউ বক্তৃতা করেন। জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়। ●

The head of the department of Biochemistry Prof Dr Ranjan Kumar Nath delivered the welcome address. Vice Principal of the college and head of the department of Pathology Prof Dr Niranjan Chandra Basak conducted the oath taking ceremony. There were speakers from among the teachers, students and guardians of the foreign and local students. The programme ended with the singing of the national anthem. ●

# পুষ্টি বিষয়ক সেমিনার 'রাইট টু প্রোটিন'

# Right to Protein- a seminar on nutrition affairs




*Representatives of sponsoring organizations of the seminar entitled 'Right to Protein'.*

গত ১৭ই জুন মির্জাপুরে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে 'রাইট টু প্রোটিন' শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়।

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ (কেডব্লিউএমসি), বাংলাদেশ পোলট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল (বিপিআইসিসি) এবং ইউএস সয়াবিন এক্সপোর্ট কাউন্সিল (ইউএসএসইসি) যৌথভাবে এই সেমিনারের আয়োজন করে।

সেমিনারে বক্তব্য রাখেন কেডব্লিউএমসি'র প্রিন্সিপাল অধ্যাপক ডা. এম এ হালিম, ভাইস প্রিন্সিপাল অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, অধ্যাপক ডা. খন্দকার শাহনেওয়াজ, অধ্যাপক ডা. মিজানুর রহমান, ডা. কিউএম এনায়েত হোসেন, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, বারডেম হাসপাতালের প্রধান পুষ্টিবিদ শামসুন্নাহার নাহিদ মহুয়া, বিপিআইসিসি'র সভাপতি শামসুল আরেফিন খালেদ, ইউএসএসইসি'র বাংলাদেশের টিম লিডার খবিবুর রহমান কাঞ্চন প্রমুখ।

সেমিনারের বক্তারা বলেন, সুস্থতার জন্য পুষ্টি কতটা জরুরি তা অনেকেই জানেন না। দেহের ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন ও রোগ প্রতিরোধ

On 17 June 2023 a seminar titled 'Right to Protein' was arranged at Kumudini Women's Medical College in Mirzapur. The seminar was jointly organized by Kumudini Women's Medical College (KWMC), Bangladesh Poultry Industries Central Council (BPICC) and US Soyabean Export Council (USSEC).

From KWMC Prof Dr M A Halim, Prof Dr Niranjan Chandra Basak, Prof Dr Shahnewaz, Prof Dr Mizanur Rahman, Dr Q M Enayet Hossain; from Kumudini Hospital Director Dr Prodip Kumar Roy, Chief Nutritionist of BIRDEM Hospital Shamsunnaher Nahid Mohua and President of BPICC Shamsul Arefin Khaled and Team Leader from USSEC Khabibur Rahman Kanchon spoke.

In the seminar the speakers stressed on the importance of nutrition in good health which many do not know. For prevention of decay of the body, growth and prevention of diseases the requirement of eggs, honey, fish and meat are extremely important. But a huge

ক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে ডিম, দুধ, মাছ, মাংস অত্যন্ত দরকারি খাদ্য। অথচ এখনো দেশের ব্যাপক জনগোষ্ঠির মাঝে এসব খাদ্য সম্পর্কে নানাবিধ ভ্রান্ত ধারণা রয়েছে। আমাদের দেশে দুধ খাওয়ার পরিমাণ এখনো অনেক কম। ব্রয়লার মুরগির মাংস অনেকেই খান না অথচ বিশ্ব জুড়েই এই মাংস সমাদৃত। ডিম খেলে হার্টের সমস্যা হয়, প্রেসার হয়, শরীর মোটা হয়ে যায়, অপারেশনের রোগীকে ডিম দেওয়া যাবে না, বয়স্কদের ডিম-মাংস দেওয়া যাবে না–এইগুলি সবই ভ্রান্ত ধারণা।

বক্তারা আরও বলেন, পুষ্টি ঘাটতির কারণে দেশে ৬ মাস থেকে ৫ বছর বয়সি শিশুদের ৪৩ শতাংশই এনিমিয়া বা রক্ত স্বল্পতায় ভুগছে। বিবাহিত নারীদের এক তৃতীয়াংশের ওজন প্রত্যাশিত মাত্রার নিচে। এই বিষয়ে পুষ্টিবিদ শামসুন্নাহার নাহিদ মহুয়া বলেন, পুষ্টি ও প্রোটিন বিষয়ক জনসচেতনতা বাড়াতে স্কুলের পাঠ্যক্রমে বিষয়টিকে আরো গুরুত্বের সঙ্গে তুলে ধরতে হবে। ●

population of the country still has wrong impression of this requirement. In our country the consumption of milk is very low. Many do not take the meat of broiler chicken whereas it is consumed all over the world. People get heart ailment due to consumption of eggs; get high blood pressure; the body becomes fat; people having undergone surgery and elderly should not take eggs and meat are all misconceptions.

The speakers said that due to lack of nutrition children from the age of 6 months to 5 years suffer from anemia and lack of blood in the body. One third of married ladies weigh less than what they should be. In this respect nutritionist Shamsunnaher Nahid Mahua said that in order to grow awareness the issue of nutrition and protein should be emphasized in the syllabus of school studies. ●




*Press briefing on free treatments of Women's Uterine Complications at Kumudini Hospital.* –13 May, 2023



*Patients undergoing treatment at Kumudini Hospital offering Eid-ul-Fitr prayer.*

# ভারতেশ্বরী হোম্‌স সংবাদ

# Bharateswari Homes News

## ছাত্রীদের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অর্থ মন্ত্রণালয়ের দুই সচিব

## Two Secretaries of Ministry of Finance Attend Prize Giving Ceremony




***(Left) :** Ms Fatima Yasmin, Senior Secretary, Finance Division (recently appointed as Vice-President of ADB) and Ms Sharifa Khan, Secretary (Economic Relations Division) distributing prizes among the students. **(Right) :** They are looking at the photographs of historical events of Kumudini at Library & Museum.*

বার্ষিক পরীক্ষায় উল্লেখযোগ্য ফলাফল অর্জনকারী হোম্‌সের ছাত্রীদের গত ৩০শে জুলাই আনুষ্ঠানিকভাবে পুরস্কৃত করা হয়।
অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থ-মন্ত্রণালয়ের সিনিয়র সচিব (অর্থ বিভাগ) ফাতিমা ইয়াসমিন (বর্তমানে তিনি এশীয় উন্নয়ন ব্যাংকের ভাইস প্রেসিডেন্ট) মেধাবী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন একই মন্ত্রণালয়ের সচিব (অর্থনৈতিক সম্পর্ক বিভাগ) শরিফা খান।
অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য দেন অধ্যক্ষা মন্দিরা চৌধুরী। তিনি ভারতেশ্বরী হোমস সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পাঠ করে শুনান। প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছাড়া অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্যে ট্রাস্টের এমডি সচিবদের শুভাগমনে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।
এই উপলক্ষ্যে ছাত্রীদের পরিবেশনায় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ●

Students of Bharateswari Homes who had excelled in the annual examination were formally presented with awards on 30 July 2023.
Ms Fatima Yasmin Senior Secretary (Finance Division) of the Ministry of Finance (now Vice-President of ADB) distributed awards among the meritorious students. Ms Sharifa Khan Secretary (Economic Relations Division) was present as a special guest.
Principal of Bharatewari Homes Ms Mondira Chowdhury delivered the welcome address at the programme. She read out the annual report of Bharateswari Homes. In addition to the chief guest and the special guests the MD of KWT Mr Rajiv Prasad Shaha, Directors of KWT Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha also addressed the students. MD of KWT expressed his gratefulness to the visitors for their kind presence on the occasion.
The students of Bharateswari Homes put up a cultural show on the occasion. ●

## জাতীয় শিক্ষাসপ্তাহ : ২০২৩
## সাংস্কৃতিক প্রতিযোগিতায় ছাত্রীদের পুরস্কার লাভ

## National Education Week : 2023
## Students are Awarded at Cultural Competition




***(Left)*** *Award winning artists at district level competition.* ***(Right)*** *Jaari Gaan performers at division level competition.*

জাতীয় শিক্ষা সপ্তাহ : ২০২৩ উপলক্ষ্যে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত সাংস্কৃতিক প্রতিযোগিতায় ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা বিভিন্ন ইভেন্টে অংশ নিয়ে বিশেষ সফলতা লাভ করে।
গত ১০ই মে মির্জাপুর উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় হোম্‌সের ২৪ জন ছাত্রী বিভিন্ন ইভেন্টে প্রথম স্থান লাভ করে। টাঙ্গাইলে জেলা পর্যায়ে প্রতিযোগিতা হয় ১৭ই মে। এতে দেশাত্মবোধক গান ও নজরুল সঙ্গীতে প্রথম হয় ১০ম শ্রেণির ছাত্রী ঐশী আচার্য, রবীন্দ্র সঙ্গীতে প্রথম হয় ৭ম শ্রেণির ছাত্রী শ্রীতমা রায় এবং জারীগানে প্রথম হয় সপ্তর্ষী গোপ ও তার দল। জারীগানের দলীয় শিল্পীরা হলো তাসনিম জাহান, সুপ্তি, অনুচিং মারমা, জাকিয়া সুলতানা ও এফএফ আকন্দ ডল। ২৪শে মে ময়মনসিংহে বিভাগীয় পর্যায়ে দেশাত্মবোধক গান ও নজরুল সঙ্গীত পরিবেশন করে প্রথম হয় ঐশী আচার্য এবং জারী গানে প্রথম হয় সপ্তর্ষী গোপ ও তার দল। ●

Students of Bharateswari Homes participated and excelled in the Upazila, District and Divisional level cultural competitions held in connection with National Education Week: 2023.
Twenty four students from Bharateswari Homes came out first in different events in the competition held at Mirzapur Upazila level on 10 May 2023. Tangail District level competition was held on 17 May. Oyshi Acharya became first in patriotic and Nazrul songs, Sreetoma Roy in Tagore song and Saptarshi Gope & her party in Jarigaan. Mymensingh Division level competition was held on 24 May. Oyshi Acharya became first in Patriotic and Nazrul songs and Saptarshi Gope and her party in Jarigaan. ●

## রবীন্দ্র-নজরুল-সুকান্ত জয়ন্তী উদ্‌যাপিত



*A scene from the celebration of Rabindra-Nazrul-Sukanta Jayanti.*

২১শে জুন সন্ধ্যায় হোম্‌সের পিপিএম হলে উদ্‌যাপিত হয়েছে বাংলা সাহিত্য জগতের তিন অমর কবি রবীন্দ্রনাথ-নজরুল-সুকান্ত এর জন্মজয়ন্তী। হোম্‌সের ছাত্রী-সংসদের আয়োজনে আলোচনা, আবৃত্তি, সংগীত ও নৃত্য পরিবেশনের মাধ্যমে এই মনোজ্ঞ অনুষ্ঠানটি পালিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি এবং বিশেষ অতিথি শম্পা সাহা। আলোচনায় অংশ নেন প্রতিভা মুৎসুদ্দি ও মন্দিরা চৌধুরী। অনুষ্ঠানের সমাপ্তি হয় জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে।

## Birth Anniversary of Rabindra-Nazrul-Shukanto Observed

Birth anniversary of three great poets of Bangla literature namely Rabindranath, Nazrul and Shukanto was observed at the PPM Hall of Bharateswari Homes on 21 June 2023.

The celebration programme included discussions, dance and music performed by the students which was organized by the student's union of Homes. The chief guest on the occasion was Director KWT Ms Protiva Mutsuddy while Director KWT Mrs Shampa Shaha was the special guest. Ms Protiva Mutsuddy and Ms Mondira Chowdhury, Principal, Bharateswari Homes participated in the discussion. The programme ended with the presentation of national anthem.

## বিশ্বসাহিত্য কেন্দ্র আয়োজিত বইপড়া প্রতিযোগিতায় ছাত্রীদের পুরস্কার লাভ

সম্প্রতি বিশ্বসাহিত্য কেন্দ্রে ‘বইপড়া’ কর্মসূচিতে অংশ নিয়ে ভারতেশ্বরী হোম্‌সের ৬৫ শিক্ষার্থী পুরস্কৃত হয়েছে।

সারা দেশের স্কুল কলেজের ছাত্রছাত্রীদের জন্য বিশ্বসাহিত্য কেন্দ্রের এই কার্যক্রম শুরু হয় ১৯৮৪ সাল থেকে। ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা শুরু থেকেই ‘বইপড়া’ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আসছে এবং প্রতিবছরই পুরস্কার অর্জন করতে সক্ষম হয়েছে।

এই প্রতিযোগিতার নিয়ম হচ্ছে একজন শিক্ষার্থী বছরে ১৬টি বই পড়ে ফেরত দেয়। পরে পঠিত বইয়ের বিষয়ের ওপর পরীক্ষা হয়। যে উত্তীর্ণ হবে বা ভালো করবে সে পুরস্কার হিসাবে আকর্ষণীয় বই পাবে।

ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা এসব শর্ত পূরণ করেই বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া প্রতিযোগিতায় পুরস্কৃত হয়েছে।

## Participation in Book Reading Competition Arranged by Bishwa Shahitya Kendro

Sixty five students of Bharateswari Homes won awards in Book Reading competition organized by Bishwa Shahitya Kendra (BSK). This programme is being organized by BSK for the students of schools and colleges since 1984. Students of Bharateswari Homes had been participating in this competition since its inception and had always won awards. The rules in this competition say a student have to read at least 16 books in a year and appear in an exam on this. Those who qualify receive attractive books from BSK.



*Award winning students in Book Reading competition.*

# কুমুদিনী নার্সিং কলেজ পালিত হলো আন্তর্জাতিক সেবিকা দিবস

# International Midwifery Day and Nurses Day Observed at Kumudini Nursing College



*(Right) A rally to mark the International Midwifery Day. (Left) Celebration of International Nurses Day.*

গত ৫ ও ১২ই মে কুমুদিনী নার্সিং কলেজে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মিডওয়াইফারি দিবস ও আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত হয়।

আধুনিক নার্সিংয়ের পথিকৃৎ ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জন্মদিনে সারা বিশ্বে সেবিকা দিবসটি পালিত হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য ছিল "আমাদের নার্স, আমাদের ভবিষ্যৎ"।

সেবিকা দিবসের শুরুতে সকাল ৬টায় সেবিকাগণ শুভ্র পোষাক ও শিরাবরণ ধারণ করে 'আমি এক সেবিকা, সেবাই তো আমার ধর্ম' এই গানটি গাইতে গাইতে কুমুদিনী হাসপাতাল চত্বর ও কমপ্লেক্স প্রদক্ষিণ করেন।

এই দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল রোগীদের নিয়ে কেক কাটা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে অংশগ্রহণ করেন কুমুদিনী হাসপাতালের চিকিৎসক, নার্স, নার্সিং কলেজের শিক্ষক ও ছাত্রী সেবিকাবৃন্দ।

On 5 and 12 May Kumudini Nursing College celebrated International Midwifery Day and International Nurses Day respectively. These days are celebrated all over the world. Nurses Day is celebrated to commemorate the birth anniversary Florence Nightingale the pioneer of modern nursing. This year's theme was "Our Nurses, Our Future".

At the outset, at 6 AM in the morning on 5 May the nurses dressed in pure white with the caps on went round hospital and Kumudini Complex singing the song "I am a nurse, service is my religion". The other programme of the day included cutting of the cake along with the patients, discussion meeting and cultural show. The programme was participated by the doctors of Kumudini Hospital, nurses, teachers and students of the nursing college.

## ১৬ই মে

## শিরাবরণ প্রদান অনুষ্ঠান-২০২৩



*Capping ceremony.*

# আর পি সাহা বিশ্ববিদ্যালয় সংবাদ

# R P Shaha University News

## RPSU Day
## 9 Years of Foundation




***(Left)*** *Celebration of R P Shaha University Day by cutting cake.*
***(Right)*** *Rally of Festivity to mark nine years of foundation of RPSU.*

## সেমিনার ও কর্মশালা
### টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগ

৩১শে মে অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগের ফ্যাশন ক্লাবের আয়োজনে একটি সেমিনার। ‘ফ্যাশন ডিজাইন স্ক্র্যাচ টু ফাইনাল প্রোডাক্ট এন্ড ফিউচার প্রসপেক্টাস অফ ফ্যাশন ডিজাইনার’ শীর্ষক এই সেমিনারের প্রধান বক্তা মাহমুদা বেগম। তিনি রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়ের ফ্যাশন ডিজাইন বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক। সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক-শিক্ষার্থীগণ এতে অংশ নেন।

## Seminar and Workshop
### Dept of Textile Fashion & Design

Fashion Club of the Dept of Textile Fashion & Design arranged a seminar on 31 May 2023. Ms Mahmuda Begum was the chief speaker on the theme "Fashion design scratch to final product and future prospects of fashion design". She is the head of the Dept of Fashion Design and an Associate Prof of Rabindra Srijankola University. Relevant students and teachers of the department participated in the seminar.




*Seminar organized by Textile Design Dept.*

## প্রফেশনাল ডেভেলপমেন্ট অফ টিচার

একই দিবসে প্রফেশনাল ডেভেলপমেন্ট বিষয়ে ‘দি ইমপর্টেন্স অফ কন্টিনিউয়াস লার্নিং অ্যান্ড প্রফেশনাল ডেভেলপমেন্ট অফ টিচার’ শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়। এতে মুখ্য বক্তা ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. দুর্গাদাস ভট্টাচার্য। অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও সিন্ডিকেট মেম্বার মহাবীর পতি, উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, অনুষদ ডীনসহ বিভিন্ন বিভাগের প্রধান ও শিক্ষকবৃন্দ।

## Professional Development of Teachers

On the same day another seminar was arranged with the theme "The importance of continuous learning and professional development of teachers". Th chief speaker on the occasion was Prof Dr Durgadas Bhattacharya, the former VC of National University. The seminar was attended by academic and syndicate member Mr Mahavir Pati, VC of RPSU Prof Dr Manindra Kumar Roy, deans of faculties, heads of the departments and other teachers.




*Prof Dr Durgadas Bhattacharya speaking at the seminar.*

## কম্যুনিকেশন স্কিল্স

৩রা জুন অনুষ্ঠিত হয় কম্যুনিকেশন স্কিল্স বিষয়ে ‘ইমপর্টেন্স অফ কম্যুনিকেশন স্কিলস ইন বিল্ডিং ক্যারিয়ার’ শীর্ষক একটি কর্মশালা বা ওয়ার্কশপ। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৭০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। কর্মশালা শেষে তাদের প্রত্যেককে সার্টিফিকেট প্রদান করা হয়। কর্মশালার প্রধান বক্তা ছিলেন গণমাধ্যম ব্যক্তিত্ব প্রশিক্ষক ও অভিনেতা জুলহাস জুবায়ের। তিনি পাবলিক স্পিকিং স্কিল এর উপর বিভিন্ন টিপস প্রদান করেন। অন্যান্য বক্তাগণ ছিলেন নুশাত উনজুম লোপা ও ফাতিমা আলম।




*Seminar on Communication Skills.*

## Communication Skills

A workshop titled "Importance of communication skills in building career" was arranged on 3 June 2023. Around 70 students of RPSU participated in this workshop. At the end of the workshop each of the students were provided with a certificate. The chief speaker was the renowned media personality Mr Julhas Jubaer. He provided a number of tips on public speaking. The other speakers were Ms Nushat Unjum Lopa and Ms Fatima Alam.

## ইংরেজি বিভাগ

৭ই জুন ইংরেজি বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয় ‘লিটারেচার-ইটস ডেফিনেশন এন্ড ফাংশন’ শীর্ষক সেমিনার। ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান এ কে জুনায়েত আহাম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারের প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, বিশেষ অতিথি সিন্ডিকেট সদস্য মহাবীর পতি ও কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. এম রবিউল হোসেন। ইংরেজি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ এতে অংশগ্রহণ করেন। অধ্যাপক শুকদেব বালা সেমিনারে মূল বক্তব্য রাখেন।



*Prof Shukdeb Bala delivering his key note speech.*

## Dept of English

A seminar was held on 7 June titled "Literature-its definition and function". The seminar was presided over by the head of the dept of English and Associate Prof Mr A K Junaet Ahammed. VC RPSU Prof Dr Manindra Kumar Roy was the chief guest while syndicate member Mr Mahavir Pati and dean of the faculty of social science Prof Dr M Robiul Hossain were the special guests. Prof Shukdeb Bala delivered the keynote speech in the seminar. Students and teachers of the English Dept participated in the seminar.

## আইন ও মানবাধিকার এবং সিএসই বিভাগ




*Ms Susmita Paik, the chief speaker at the seminar of law & Human Rights Dept.*

‘রোল অফ ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন ইন বাংলাদেশ’ শীর্ষক সেমিনারটি অনুষ্ঠিত হয় ১০ই জুন। আইন ও মানবাধিকার বিভাগের আয়োজনে অনুষ্ঠিত এই সেমিনারের মূল বক্তা ছিলেন সুস্মিতা পাইক। তিনি বাংলাদেশ জাতীয় মানবাধিকার কমিশনের উপ-পরিচালক।

## Depts of Law & Human Rights and CSE



*Mr Md Manirul Islam, Associate Professor of AIUB, speaking at the seminar of CSE Dept.*

A seminar titled "Role of National Human Rights Commission in Bangladesh" was arranged on 10 Jun 2023. Ms Susmita Paik was the chief speaker in the seminar arranged by the Dept of Law & Human Rights. She is the Deputy Director of Bangladesh National Human Rights Commission.

একই দিবসে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয় ‘এথিক্যাল হ্যাকিং এন্ড পেনিট্রেশন টেস্টিং’ শীর্ষক সেমিনারটি। এই বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক ড. কিংকর প্রসাদ ঘোষের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারের মূল বক্তা ছিলেন AIUB’র সংশ্লিষ্ট বিভাগের সহযোগী অধ্যাপক মো. মনিরুল ইসলাম। ●

On the same day the Dept of CSE arranged a seminar titled "Ethical Hacking & Penetration Testing". The seminar was presided over by the Head of the Dept of CSE and Associate Prof Dr Kingkar Prasad Ghosh. The chief speaker was Associate Prof Md Manirul Islam from AIUB. ●

## ট্রিপল ‘ই’ বিভাগ

২৬শে জুন বিশ্ববিদ্যালয়ের EEE বিভাগের আয়োজনে বিভাগীয় প্রধান ইঞ্জিনিয়ার রাজীব মণ্ডল–এর সভাপতিত্বে দু’টি বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ‘বেসিক ইনফরমেশন অন নিউরোইনফরমেটিক’ বিষয়ে আলোচনা করেন আরবিএল এর সিনিয়র মেইটেনেন্স ইঞ্জিনিয়ার এস এম সওকত হোসেন। পক্ষান্তরে, ‘দি ইমারজেন্স অফ আর্টিফিসিয়াল ইনটেলিজেন্সেস ইন হেলথকেয়ার’ বিষয়ে আলোচনা করেন IICT-BUET এর ইঞ্জিনিয়ার প্রজয় পোদ্দার। ●

## Dept. of EEE

A seminar was held on 26 Jun 2023 under the arrangement of Dept of EEE. The seminar based on two subjects was presided over by Head of the Dept of EEE Mr Rajiv Mandol. Mr S M Showkat Hossain, Senior Maintenance Engineer of RBL discussed on "Basic Information on Neuroinformatics". On the other hand, Mr Projoy Podder from IICT-BUET discussed on "The emergence of artificial intelligence in healthcare". ●

## কেপিএল-এর নতুন ওষুধ ই-মাপ্‌স ২০

সম্প্রতি কুমুদিনী ফার্মা লি: (কেপিএল) ইসোমিপ্রাজল গ্রুপের ‘ই-মাপ্স ২০’ নামের এই ট্যাবলেটটি কোম্পানির একটি নতুন ওষুধ হিসাবে বাজারজাত করেছে। জিইআরডি বা Gastroesophageal Reflux Disease- এর চিকিৎসায় ই-মাপ্স ২০ (E-Mups 20) একটি কার্যকর ওষুধ। এই রোগের উপসর্গগুলি হলো: বুকজ্বালা, গলা জ্বলা, পেট ফাঁপা, মুখে টক স্বাদ, খাওয়ার পর বুকে ব্যথা, পেটের এসিড মুখে চলে আসা ইত্যাদি।
ওষুধটির প্রতি বাক্সে থাকে ৫ x ১০ বা ৫০টি ট্যাবলেট। উল্লেখ্য, চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সকল ওষুধ সেবন করতে হয়। ●

## New Medicines of KPL E-Mups 20

Recently Kumudini Pharma has marketed a new product of Esomeprazole group under the name "E-Maps 20". This is an effective medicine for treatment of GERD or Gastroesophageal Reflux Disease. The symptoms of this disease are heartburns, acid reflux, bad breath, feeling being sick etc.
The medicine is marketed in a box of 5X10 or 50 tablets. Medicines are all to be taken on advice of a registered practitioner. ●




*E-Mups 20*

## শোক সংবাদ
## যুগলপদ সাহার প্রয়াণ

কুমুদিনী পরিবারের একান্ত সুহৃদজন যুগলপদ সাহা গত ১১ই মে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন। তাঁর জন্ম টাঙ্গাইল জেলায় ১৯৩৩ সালের ২০শে নভেম্বর। বয়স হয়েছিল ৯০ বছর। মৃত্যুকালে তিনি এক কন্যা ও তিন পুত্রসহ বহু আত্মীয় স্বজন রেখে গেছেন।
বহুগুণের অধিকারী প্রয়াত যুগলপদ সাহা পেশাগত জীবনে ছিলেন বিশিষ্ট আয়কর আইনজীবী ও উপদেষ্টা। অনেক প্রতিষ্ঠানে তিনি আয়কর উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেন এবং পুরস্কৃত হন। তাঁর নেশা ছিল কবিতা লেখা ও সমাজসেবা করা।
‘রণদা প্রসাদ সাহা স্মারকগ্রন্থ’-এ ‘ইতিহাস ঐতিহ্যে’ শীর্ষক তাঁর একটি সুন্দর কবিতা রয়েছে যাতে কুমুদিনীর প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র জনহিতকর কর্মকাণ্ড সুন্দরভাবে প্রস্ফুটিত হয়েছে। ●

## Obituary
## Passing Away of Jugalpada Saha

A well-wisher of Kumudini family Mr Jugalpada Saha passed away on 11 May 2023 due to old age complications. He was born in the district of Tangail on 20 November 1933. He was 90 years old. At his death he left behind one daughter, three sons and a host of other relatives.
Mr Jugalpada Saha was a renowned Tax lawyer and adviser. He was a tax adviser of many institutions and obtained a number of awards for his excellent performance. He was a poet and social worker.
In the commemorative book "Ranada Prasad Shaha Smarokgrantha" he had contributed a beautiful poem which highlighted the social works of philanthropist Ranada Prasad Shaha. ●

# কুমুদিনী হাসপাতাল
## চিকিৎসা পরিসংখ্যান
### মে-আগস্ট : ২০২৩

টিকাদান কর্মসূচি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| পোলিও | ৫৫১ | ৪৯০ | ৫৫৯ | ৫০৭ |
| টিটি | ১৭২ | ১৭৪ | ১৭২ | ১৭০ |
| বিসিজি | ১৮৫ | ১৪৬ | ১৯১ | ১৭২ |
| রুবেলা | ৩১৯ | ২৮০ | ৩৪১ | ২১৯ |
| প্যান্টাভ্যালেন্ট | ৫২৩ | ৪৬৮ | ৫৩৫ | ৪৮৮ |
| পিসিভি | ৫২৩ | ৪৬৮ | ৫৩৫ | ৪৮৮ |
| এফ, আই, পি, ভি | ৩৪৫ | ৩০০ | ৩৭৯ | ৩২৫ |

হাসপাতালে ভর্তিকৃত রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| ভর্তি | ৪০৬১ | ৩৭২৬ | ৪৮০৫ | ৪৮৮৬ |

বহির্বিভাগে মোট রোগী

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ৪০০২৬ | ৩৪০০৯ | ৪৫৭৯২ | ৪৭৫৫৫ |

হাসপাতালে মৃত্যু

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ১১২ | ৯০ | ৯৫ | ১৫৯ |

অস্ত্রোপচার পরিসংখ্যান, সার্জারি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১৩৭ | ১০৫ | ১২৬ | ১৩৪ |
| সেমি মেজর | ১৯ | ১৫ | ২৬ | ৩০ |
| মাইনর | ৩৬৬ | ৩৯৪ | ৫৫৯ | ৫৭২ |

অর্থোপেডিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৫৭ | ৪৭ | ৭৩ | ৫৫ |
| সেমি মেজর | ৪৪ | ৬০ | ৪০ | ২৯ |
| মাইনর | ৩৫৫ | ৩৮৩ | ৪০৫ | ৩২৮ |
| প্লাস্টার | ১২০ | ১২১ | ১০৬ | ৮৯ |
| সি-আর্ম | ২১ | ১৯ | ১৩ | ৭ |

নাক, কান, গলা

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৬১ | ৪৬ | ৪৭ | ৭০ |
| মাইনর | ৮৬ | ৬১ | ৫০ | ৫২ |

গাইনি

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৫১ | ৪৯ | ৪৪ | ৫৭ |
| সেমি মেজর | ৬২ | ৪৬ | ৫৪ | ৪৬ |
| মাইনর | ২ | ৩ | ১ | ১ |

অবস্টেট্রিক্স

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১৭৭ | ১৬৩ | ২১০ | ২০৬ |
| স্বাভাবিক | ১০৬ | ৮৯ | ৪১ | ১৮২ |

চক্ষু

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ১৯৮ | ১৭৪ | ২৭১ | ২২৭ |
| অন্যান্য | ৪১ | ৪০ | ৫৮ | ৫২ |

দন্ত অপারেশন

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| মেজর | ৬৮ | ৫৯ | ৯৭ | ৮২ |
| সেমি মেজর | ১১ | ১৩ | ২২ | ১৭ |
| মাইনর | ২০৮ | ১৪৯ | ২৫৬ | ২০৮ |

মাইনর অপারেশন

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| বহির্বিভাগ | ৬৫৯ | ৬৬৭ | ৬১৬ | ৫৫২ |

আই সি ইউ

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ৩৮ | ৩৬ | ৩৬ | ৫৮ |

কিডনী ডায়ালাইসিস

| | মে | জুন | জুলাই | আগস্ট |
|---|---|---|---|---|
| | ৩৭১ | ৩৩৮ | ৩৭৪ | ৩৬৭ |

চক্ষু শিবির

| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৫/২০২৩ | ৪৫ | ৬০ | ১০৫ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৫/২০২৩ | ৬০ | ৮০ | ১৪০ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৬/২০২৩ | ৬২ | ৫৮ | ১২০ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৬/২০২৩ | ৪৭ | ৬৩ | ১১০ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৮/৭/২০২৩ | ৪০ | ৭০ | ১১০ |
| মধুপুর, টাংগাইল | ১৫/৭/২০২৩ | ৭৭ | ৭৩ | ১৫০ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | ৭/৮/২০২৩ | ৬৫ | ৭০ | ১৩৫ |
| মধুপুর, টাংগাইল | ১৬/৮/২০২৩ | ৫৮ | ৫৬ | ১১৪ |

# Kumudini Hospital
## Treatment Statistics
### May-August: 2023

**Vaccination Programme**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Polio | 551 | 490 | 559 | 507 |
| T.T | 172 | 174 | 172 | 170 |
| B.C.G | 185 | 146 | 191 | 172 |
| Robela | 319 | 280 | 341 | 219 |
| Pantavalent | 523 | 468 | 535 | 488 |
| PCV | 523 | 468 | 535 | 488 |
| FIPV | 345 | 300 | 379 | 325 |

**Patient Admitted in Hospital**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Admission | 4061 | 3726 | 4805 | 4886 |

**Out Patient**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 40026 | 34009 | 45792 | 47555 |

**Patient Death in Hospital**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 112 | 90 | 95 | 159 |

**Operation, Surgery**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 137 | 105 | 126 | 134 |
| Semi Major | 19 | 15 | 26 | 30 |
| Minor | 366 | 394 | 559 | 572 |

**Orthopaedics**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 57 | 47 | 73 | 55 |
| Semi Major | 44 | 60 | 40 | 29 |
| Minor | 355 | 383 | 405 | 328 |
| Plaster | 120 | 121 | 106 | 89 |
| C-Arm | 21 | 19 | 13 | 7 |

**E.N.T.**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 61 | 46 | 47 | 70 |
| Minor | 86 | 61 | 50 | 52 |

**Gynae**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 51 | 49 | 44 | 57 |
| Semi Major | 62 | 46 | 54 | 46 |
| Minor | 2 | 3 | 1 | 1 |

**Obstetrics**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 177 | 163 | 210 | 206 |
| Normal | 106 | 89 | 41 | 182 |

**Eye Operation**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 198 | 174 | 271 | 227 |
| Others | 41 | 40 | 58 | 52 |

**Dental Operation**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Major | 68 | 59 | 97 | 82 |
| Semi Major | 11 | 13 | 22 | 17 |
| Minor | 208 | 149 | 256 | 208 |

**Minor Operation**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| Out Patient | 659 | 667 | 616 | 552 |

**ICU**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 38 | 36 | 36 | 58 |

**Kidney Dialysis**

| | May | June | July | August |
|---|---|---|---|---|
| | 371 | 338 | 374 | 367 |

**Eye Camp**

| Address | Month/Date | Male | Female | Total |
|---|---|---|---|---|
| Fulbaria, Mymensingh | 7/5/2023 | 45 | 60 | 105 |
| Modhupur, Tangail | 15/5/2023 | 60 | 80 | 140 |
| Fulbaria, Mymensingh | 7/6/2023 | 62 | 58 | 120 |
| Modhupur, Tangail | 15/6/2023 | 47 | 63 | 110 |
| Fulbaria, Mymensingh | 8/7/2023 | 40 | 70 | 110 |
| Modhupur, Tangail | 15/7/2023 | 77 | 73 | 150 |
| Fulbaria, Mymensingh | 7/8/2023 | 65 | 70 | 135 |
| Modhupur, Tangail | 16/8/2023 | 58 | 56 | 114 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024
E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website : www.kumudini.org.bd